

## পৌরসভার দায়িত্ব ও কার্যাবলী

### ১) পৌরসভার মূল দায়িত্বঃ

- (ক) স্ব- স্ব এলাকাভিত্তিক নাগরিকগণের এই অধ্যাদেশ ও আইনের দ্বারা প্রতিষ্ঠিত বিধান অনুসারে সকল প্রকার নাগরিক সুবিধা প্রদান করা।
- (খ) পৌর প্রশাসন ও সরকারী কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে সমন্বয় সাধন এবং সমন্বিত কার্যক্রম গ্রহণ করা।
- (গ) পৌর এলাকায় নাগরিকগণের পৌরসেবা প্রদানের লক্ষ্যে অবকাঠামোগত উন্নয়ন, ইমারত নিয়ন্ত্রণসহ নগর উন্নয়ন পরিচালনা প্রণয়ন ও বাস্তবায়ন করা। এবং
- (ঘ) নাগরিক নিরাপত্তা ও জনশৃঙ্খলা রক্ষা করা।

### ২) পৌরসভার কার্যাবলীঃ

- (ক) আবাসিক, শিল্প এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য পানি সরবরাহ।
  - (খ) পানি ও পয়ঃ নিষ্কাশন।
  - (গ) বর্জ্য ব্যবস্থাপনা।
  - (ঘ) অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচার নিশ্চিতকরণের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন।
  - (ঙ) যোগাযোগ ব্যবস্থার উন্নয়নকল্পে রাস্তা, ফুটপাথ, জনসাধারণের চলাচল, যাত্রী এবং মালামালের সুবিধার্থে টার্মিনাল নির্মাণ।
  - (চ) জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এ প্রদত্ত কার্যাবলী।
  - (ছ) পরিবহণ ব্যবস্থাপনার সুবিধার্থে ট্রাফিক ব্যবস্থাপনার পরিকল্পনা, পথচারীদের সুবিধার্থে যাত্রী ছাউনী, সড়ক বাতি, যানবাহনের পার্কিং স্থান এবং বাস স্ট্যান্ড বা বাস স্টপ এর ব্যবস্থা করা।
  - (জ) নাগরিক স্বাস্থ্য ও পরিবেশ রক্ষণাবেক্ষণ, বৃক্ষরোপণ ও রক্ষণাবেক্ষণ।
  - (ঝ) বাজার ও কসাইখানা স্থাপন এবং ব্যবস্থাপনা।
  - (ঞ) শিক্ষা, খেলাধুলা, চিত্র বিনোদন, আমোদ প্রমোদ এবং সাংস্কৃতিক সুযোগ সৃষ্টি ও প্রসারে সহায়তা, পৌর এলাকার সৌন্দর্য্য বৃদ্ধি এবং
  - (ট) আইন, বিধি, প্রবিধি, উপ-আইন বা সরকার প্রদত্ত আদেশ দ্বারা অর্পিত অন্যান্য কার্যাবলী।
- ৩) উপরি-উক্ত যে কোন কার্য সমাধান করিতে পৌরসভার নিজস্ব কারিগরি ব্যবস্থাপনা ও আর্থিক সামর্থ্য না থাকিলে নাগরিক সুবিধার্থে উপরিউক্ত কার্যাবলী স্থগিত করা যাইবে না।
- ৪) উপ-ধারা (১) ও (২) এ বর্ণিত কোন কার্য সমাধানিত না হইলে সরকার এতদ্বিষয়ে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করিতে পরিবে।
- ৫) উপরি-উক্ত কার্যাবলী ছাড়াও পৌরসভা উহার তহবিলের সঙ্গতি অনুযায়ী দ্বিতীয় তফসিলে বর্ণিত কার্যাবলী সমাধান করিবে।

### সরকার কর্তৃক প্রদত্ত কার্যাবলীঃ

- (১) পৌরসভা অধ্যাদেশে প্রদত্ত কার্যাবলী ব্যতীত সরকারের অনুমোদনক্রমে প্রাথমিক শিক্ষা, প্রতিরোধ ও নিরাময়মূলক স্বাস্থ্য ব্যবস্থা, পরিবহণ, অগ্নি প্রতিরোধ ও অগ্নি নিরাপত্তা এবং পৌর এলাকার দারিদ্র দূরীকরণ, ইত্যাদি যে কোন দায়িত্ব ও কার্য পৌরসভা সমাধান করিবে।

(২) অন্য কোন দায়িত্ব বা কার্য পৌরসভা কর্তৃক সমাধান করিবার প্রস্তাব করা হইলে সরকার কমিশনের সহিত পরামর্শক্রমে, উহা যথাযথ মনে করিলে প্রজ্ঞাপন জারির মাধ্যমে সমাধানের নির্দেশ দিতে পারিবে।